

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 09.12.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর –

- ১) বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর নীপিড়ন ও তার প্রতিবাদে রাজ্যের বিভিন্ন জায়গায় বিক্ষেপ মিছিল চলেছে।
- ২) শীতের মরশ্মেও রাজ্যে মশাবাহিত রোগের প্রকোপ উদ্বেগ বাঢ়াচ্ছে।
- ৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভারতীয় জীবনবীমা নিগম LIC-র বীমা সংস্থা যোজনার সূচনা করবেন।
- ৪) পশ্চিমী ঝঁঝঁা ও নিম্নচাপের কারণে রাজ্যের বিভিন্ন জেলায় বৃষ্টির পূর্বাভাষ।
- ৫) আই এস এল ফুটবলে মোহনবাগান সুপার জায়েন্ট ২-০ গোলে নর্থ ইস্ট ইউনাইটেডকে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooo

বাংলাদেশে সংখ্যালঘুদের উপর অত্যাচারের অভিযোগে এবং তার প্রতিবাদে রাজ্যের বিভিন্ন জায়গায় প্রতিবাদ মিছিল চলেছে। গতকাল কলকাতায় সনাতনী জাগরণ এক্য মধ্যের মিছিল থেকে বাংলাদেশে সংখ্যালঘুদের নিরাপত্তা এবং ইঙ্গেলিশ প্রান্তে সদস্য চিন্ময় কৃষ্ণ দাসের মুক্তির দাবি জানানো হয়। বাঙালি হিন্দু সুরক্ষা সমিতি নিউটাউনের গোবিন্দনগর ব্রীজ থেকে বাগুইহাটি পর্যন্ত মিছিল করে।

ইসকন কলকাতার সহ-সভাপতি রাধারমন দাস বলেন, চিন্ময় কৃষ্ণ দাসের পাশে যারা দাঁড়াতে চান, তাদের বিরুদ্ধে মামলা করা হচ্ছে।

(বাইট - রাধারমন)

এদিকে, মেদিনীপুরে গতকাল বাঙালি হিন্দু সুরক্ষা সমিতির ডাকে মহামিছিল অনুষ্ঠিত হয়। বিকেলে এই মিছিল রিং রোড পরিক্রমা করে। প্রায় ২০ হাজার

মানুষ এতে অংশ নেন। নিষ্পার্ক মঠের সন্ন্যাসী সুভাষ শরণ দেব মহন্ত জানান, বাংলাদেশের পরিস্থিতির উন্নতি না হলে আগামী দিনে বৃহত্তর আন্দোলনের পথে হাঁটবেন তারা।

এদিকে, ভারত - বাংলাদেশ বিদেশ দফতর আলোচনা এফ ও সি-র আওতায় দু-দেশের বৈঠকে যোগ দিতে ভারতের বিদেশ সচিব বিক্রম মিশ্রি আজ ঢাকা যাচ্ছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর নিপীড়নের ঘটনায় ফের উদ্বেগ প্রকাশ করেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। অন্তর্বর্তী সরকারের ব্যর্থতায় বাংলাদেশের পরিস্থিতি স্বাভাবিক হচ্ছে না বলেও তিনি অভিযোগ করেন। গতকাল এক সাংবাদিক সম্মেলনে অধীর বাবু বলেন, পরিস্থিতি দিন দিন খারাপের দিকে যাচ্ছে। বিষয়টি নিয়ে আলোচনার জন্য তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে সর্বদলীয় বৈঠক ডাকারও আহ্বান জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার বসিরহাটের স্বরূপনগরে ভারত-বাংলাদেশ সীমান্ত পেরিয়ে ওদেশে যাওয়ার সময় এক মহিলা সহ তিনি বাংলাদেশী নাগরিককে বিএসএফ গ্রেপ্তার করেছে। জাহানারা খাতুন, রফিকুল ইসলাম ও রাজু মোল্লা নামে এই তিনি বাংলাদেশী নাগরিক, তারালি সীমান্ত দিয়ে ওপারে যাওয়ার চেষ্টা করছিল। এদের বাড়ি যথাক্রমে যশোর, রাজশাহী এবং খুলনায়। স্বরূপনগর থানার পুলিশ, তাদের গতকাল বসিরহাট

মহকুমা আদালতে পেশ করলে বিচারক তাদের ১৪ দিনের জেল হেফাজতে পাঠ্য়েছেন।

কোচবিহারের হলদিবাড়ি থেকেও এক বাংলাদেশী অনুপ্রবেশকারীকে গ্রেফতার করেছে পুলিশ। মহম্মদ হোসেন নামে ওই ব্যক্তি কুষ্টিয়ার বাসিন্দা। গতকাল সকালে কুয়াশার সুযোগ নিয়ে সে ভারতে প্রবেশ করে।

০০০০০০০০০০০০০০০০০০০০

শীতের মরশ্মেও ডেঙ্গু, চিকুনগুনিয়ার মত মশা বাহিত রোগের প্রকোপ উদ্বেগ বাড়াচ্ছে। ইতিমধ্যেই রাজ্যে আক্রান্তর সংখ্যা ৩০ হাজার ছুঁতে চলেছে বলে স্বাস্থ্য দফতরের পরিসংখ্যানে জানা গিয়েছে। ওই রিপোর্টে বলা হয়েছে, চলতি মাসের ২ তারিখ পর্যন্ত রাজ্যে ২৯ হাজার ৫২২ জন ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন। গত এক সপ্তাহে আক্রান্ত হয়েছেন ১ হাজার ৩৪৬ জন। পাশাপাশি ৮টি জেলায় ম্যালেরিয়ার প্রকোপও দেখা দিয়েছে। আলিপুরদয়ার, মালদহ, দিনাজপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বিষ্ণুপুর স্বাস্থ্য জেলা মিলিয়ে ম্যালেরিয়ায় আক্রান্তের সংখ্যা ১২ হাজার ছাড়িয়েছে। এছাড়া হাওড়া, ব্যারাকপুর, সোদপুর, দমদম, কসবা, ঘাদবপুর, টালিগঞ্জ এবং আরও কিছু এলাকায় চিকুনগুনিয়া আক্রান্ত রোগীর সন্ধান মিলেছে।

মশা নিধন অভিযানের পাশাপাশি স্বাস্থ্য দফতরের তরফে সচেতনতা প্রচারেও জোর দেওয়া হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গ থেকে ভিনরাজ্যে আলু রফতানি রুখ্তে চেকপোস্টগুলিতে পুলিশ প্রশাসনের কড়া নজরদারি চলছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নির্দেশে আলুর দাম নিয়ন্ত্রণ করতে রাজ্যের সমস্ত সীমান্তে চেকপোস্টগুলিতে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এরই অংশ হিসেবে, আসানসোলের কুলটির ডুরুড়িহ চেকপোস্টে বেশ কয়েকটি আলুবোঝাই লরি আটকে দেওয়া হয়েছে।

এদিকে ঝাড়খণ্ডে আলু নিয়ে যাবার সময় পুরুলিয়ার বোরো থানার পুলিশ তিনটি আলু বোঝাই লরি আটক করেছে। গতকাল দুপুরে মানবাজার-বান্দোয়ান রাস্তা

ধরে যাওয়ার সময় নাকা পয়েন্টে তিনটি গাড়িকে থামানো হয়। গাড়ির চালকরা কেউ বৈধ কাগজ পত্র দেখাতে পারেননি বলে অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার সন্দেশখালির ঘোষপুরে নিহত ছাত্রীর বাড়িতে গতকাল জাতীয় মহিলা কমিশনের একটি প্রতিনিধিদল যায়। অর্চনা মজুমদারের নেতৃত্বে তিনি সদস্যের দলটি পরিবারের সঙ্গে দেখা করে তাদের পাশে থাকার আশ্চাস দেন। মেয়েটির মৃত্যুর কারণ এবং পুরো ঘটনা খতিয়ে দেখার আশ্চাসও দিয়েছেন কমিশনের প্রতিনিধিরা। উল্লেখ্য, সন্দেশখালির নেজাট থানার ঘোষপুর এলাকার ওই ছাত্রী নিখোঁজ থাকার চার দিন পর শনিবার সকালে পুকুর থেকে দেহ উদ্ধার হয়। তদন্ত করছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভারতীয় জীবনবীমা নিগম এল আই সি বীমা সঞ্চয় যোজনার সূচনা করবেন। এর আওতায় তিনি বছরে ২ লক্ষ মহিলাকে সাবলম্বী করে তোলার লক্ষ্যমাত্রা রাখা হয়েছে। তিনি বছরের এই স্টাইপেনডারি প্রকল্পে দশম শ্রেণী উত্তীর্ণ ১৮ থেকে ৭০ বছরের মহিলারা ৩ বছর বিশেষ প্রশিক্ষণ এবং স্টাইপেন পাবেন। প্রশিক্ষণ শেষে তাঁরা এল আই সি এজেন্ট হিসেবে কাজের সুযোগ পাবেন। স্নাতকস্তরে উত্তীর্ণ বীমা সঞ্চয়িতা এল আই সি-তে ডেভলাপমেন্ট অফিসার হিসেবে নিয়োগ পেতে পারেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মালদার মানিকচকের ভূতনীর দক্ষিণ চঙ্গীপুর গ্রাম পঞ্চায়েতের লটিহারায় আবাস যোজনার তালিকায় তৃণমূল কংগ্রেস নেতা ঘনিষ্ঠ অযোগ্য ব্যক্তিদের নাম আসার প্রতিবাদ করায় এক CITU নেতা আক্রান্ত হয়েছেন। শ্রমিক সংগঠন CITU-র মালদা জেলা কমিটির সদস্য দানেশ আলি বর্তমানে মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। দুপক্ষের সংঘর্ষে গতকাল ঐ এলাকা রন্ধনক্ষেত্র হয়ে ওঠে। আটক চারজন। অভিযোগ, স্থানীয় তৃণমূল নেতা আবির আলির পরিবারের ১২ জনের

নাম আবাস তালিকায় আসায় বিষয়টি নিয়ে দানেশ, বিডিও ও জেলাশাসকের কাছে অভিযোগ জানান। সেই আক্রেশ থেকে আবির সহ শাসকদলের কর্মীরা তাঁর উপর হামলা চালায়। তাঁকে ছুরি দিয়ে আঘাতও করা হয় বলে অভিযোগ। এর জেরে দুপক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয়। ইটবৃষ্টির পাশপাশি অন্ধিসংযোগেরও খবর মিলেছে। খবর পেয়ে ভূতনী থানার বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এদিকে, তৃণমূলের অঞ্চল সভাপতি দীজেন মন্ডলের দাবী, পুরনো জমি বিবাদের জেরেই এই ঘটনা। অভিযুক্ত আবির আলি শাসক দলের কেউ নন বলেও তিনি জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার কুলপি দৌলতপুর গ্রামে তৃণমূলের এক পঞ্চায়েত সদস্যকে কুপিয়ে খুনের অভিযোগ উঠেছে দুষ্কৃতীদের বিরুদ্ধে। নুরউদ্দিন হালদার নামে বছর ৫৫-র ঐ ব্যক্তি নামাজ পড়তে যাওয়ার পথে গতকাল তাঁর উপর হামলা চলে। খুনের পর দুষ্কৃতীরা এলাকায় ব্যাপক বোমবাজি করে। কুলপি ব্লক হাসপাতালে নিয়ে যাওয়া হলে নুরউদ্দিনকে চিকিৎসকেরা মৃত বলে ঘোষণা করেন। এলাকায় ব্যাপক উত্তেজনা থাকায় পুলিশ মোতায়েন আছে। এই ঘটনায় ৫ জনকে আটক করেছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আজ ষষ্ঠি দিন। গতকাল পঞ্চম দিনে জমজমাট ছিল উৎসব। ভালো ছবি দেখতে আগ্রহী দর্শকদের ভীড়ের পাশপাশি ফিল্ম নিয়ে আলোচনায় অংশ নেন বিশিষ্ট পরিচালক ও সমালোচকরা।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট - অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ১০-ই ডিসেম্বরের পর জাঁকিয়ে শীত পড়বে বলে আবহাওয়া দফতর জানিয়েছে। দফতরের পূর্বঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানালেন পশ্চিমী ঝাঙ্গা এবং বঙ্গোপোসাগরে সৃষ্টি নিম্নচাপের কারণে উত্তরবঙ্গের জেলাগুলিতে বৃষ্টির সম্ভাবনা। পশ্চিমাঞ্চলের জেলাগুলিতেও হাঞ্চা বৃষ্টি হতে পারে। দার্জিলিং-এ তুষারপাতের সম্ভাবনা রয়েছে।

এদিকে, পুরুলিয়ায় গতকাল তাপমাত্রা ৯ ডিগ্রী সেলসিয়াসে নেমে গেছে ডিসেম্বর থেকে জেলায় শীতের প্রকোপ বাঢ়ছে।

আজ কলকাতায় দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬ দশমিক ৫ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে শূন্য দশমিক ৯ ডিগ্রী কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ২৬ দশমিক ৩ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে দেড় ডিগ্রী কম।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পার্কস্ট্রীটে একটি নামি কেক প্যাস্ট্রির দোকানে গতরাতে আগুন লাগে। প্যান্টিতে লাগা আগুন নেতাতে দমকলের তিনটি ইঞ্জিন যায়। রাত প্রায় ১২-টা ১০ নাগাদ আগুন নিভে যায়। হতাহতের কোন খবর নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

চল্লিশ হাজারেরও বেশি মানুষ গতকাল চিড়িয়াখানা পরিদর্শন করেছেন। যা এই বছরে একটি রেকর্ড। আলিপুর চিড়িয়াখানার অধিকর্তা সৌমেন মন্ডল জানিয়েছেন যে, ২৫শে ডিসেম্বর বড়দিনে বন্দস্তরের প্রতিমন্ত্রী বিরবাহা হাঁসদা “walk in aviary” নামের একটি নতুন পক্ষি আবাসের উদ্বোধন করবেন। 14 টি প্রজাতির পাখি সেখানে রাখা হবে। ভূমনোরীরা একটি বিশেষ হাঁটা পথের মাধ্যমে এখানে প্রবেশ করতে পারবেন।

চিড়িয়াখানায় আসার জন্য অনলাইন টিকিট বুকিং সিস্টেমেরও উদ্বোধন করবেন
বনমন্ত্রী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

গুয়াহাটির ইন্দিরা গান্ধী অ্যাথলেটিকস স্টেডিয়ামে গতকাল আইএসএল ফুটবলে
মোহনবাগান সুপার জায়ান্ট, নর্থ ইস্ট ইউনাইটেড এফ সি কে ২-০ গোলে পরাজিত
করেছে। ৬৫ মিনিটে এম সিং এবং ৭১ মিনিটে এল কোলাসো গোল করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০